



জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং-১৬(৭৬৯)/জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/প্রফেশনাল ভর্তি/২০২৩-২০২৪/৫২৫১

তারিখ: ০৯/১০/২০২৪


২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স প্রফেশনাল প্রোগ্রামের অধীনে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স, পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন জার্নালিজম ও এমবিএ ইন অ্যাপারেল মার্চেন্টাইজিং কোর্সসমূহে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন কার্ড ইস্যু সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স প্রফেশনাল প্রোগ্রামের অধীনে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন জার্নালিজম (২০২৩-২৪), পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স (২০২৩-২৪) ও এমবিএ ইন অ্যাপারেল মার্চেন্টাইজিং (২০২২-২৩) কোর্সসমূহে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন কার্ড ১৪ অক্টোবর ২০২৪ তারিখ থেকে ইস্যু করা হবে। সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ নিম্নোক্ত করণীয় ও সময়সূচি অনুসরণ করে ইস্যুকৃত রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করতে পারবেন।

ক) রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করার নিয়মাবলী

ক্রমিক	করণীয়	তারিখ
১।	অনলাইনে রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করে প্রিন্ট নেয়ার তারিখ: ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করতে সংশ্লিষ্ট কলেজসমূহকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েব (www.nu.ac.bd/admissions/regicard) লিঙ্কে যেতে হবে। পরবর্তীতে College login গিয়ে (ক্রমিক-২ এর নির্দেশনা অনুযায়ী প্রাপ্ত) User ID ও Password ব্যবহার করে Corrected Regicard Download অপশন থেকে রেজিস্ট্রেশন কার্ড download করে প্রিন্ট নিতে হবে। কলেজ কর্তৃপক্ষকে রেজিস্ট্রেশন কার্ডের প্রিন্ট কপিতে প্রদর্শিত শিক্ষার্থীর সকল তথ্য ও ছবি মিলিয়ে দেখতে হবে। সকল তথ্য সঠিক থাকলে রেজিস্ট্রেশন কার্ডে শিক্ষার্থী এবং কলেজ অধ্যক্ষ নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করবেন। এছাড়াও শিক্ষার্থীর ছবির উপর সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ স্বাক্ষর ও সিল প্রদান করবেন।	১৪/১০/২০২৪ থেকে ২৮/১১/২০২৪
২।	পাসওয়ার্ড সংক্রান্ত নির্দেশাবলী: যে সকল কলেজ রেজিস্ট্রেশন কার্ড download করার জন্য password সংগ্রহ করে নাই তাদেরকে কলেজ কোড, কলেজের নাম, ঠিকানা, ফোন/মোবাইল নম্বর ও সঠিক ই-মেইল ঠিকানা সহ ডিন দপ্তরের অফিসিয়াল ই-মেইল অ্যাড্রেস (pgdeanoffice@gmail.com) বরাবর আবেদন পত্র প্রেরণ করতে হবে। পরবর্তীতে সংশ্লিষ্ট কলেজের ই-মেইলে User ID ও Password প্রেরণ করা হবে।	
৩।	উল্লেখ্য যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ অথবা তৎপূর্বে মাস্টার্স প্রফেশনাল ভর্তি কার্যক্রমে কোন ফি বকেয়া থাকলে সংশ্লিষ্ট কলেজে রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।	
৪।	মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) অথবা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) অথবা মাস্টার্স (প্রফেশনাল) প্রোগ্রামে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স প্রফেশনাল প্রোগ্রামে ভর্তি হয়ে থাকলে তার রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না। এখানে উল্লেখ্য যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স প্রফেশনাল প্রোগ্রামে ভর্তিকৃত কোন শিক্ষার্থী নিজ ছবি ব্যতীত অন্যের ছবি দিয়ে ভর্তি হয়ে থাকলে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। সেক্ষেত্রে ছবি পরিবর্তনের আবেদন গ্রহণ যোগ্য হবে না।	

বি: দ্র: ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স প্রফেশনাল প্রোগ্রামে ইস্যুকৃত রেজিস্ট্রেশন কার্ডে শিক্ষার্থীর নিজের নাম/পিতা-মাতার নামে কোন ভুল থাকলে কার্ড ইস্যুর পরবর্তী এক মাসের মধ্যে তা সংশোধনের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে হবে।



(প্রফেসর ড. ফকির রফিকুল আলম)

ডিন (ভারপ্রাপ্ত)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪


ই-মেইল: pgdeanoffice@gmail.com

তারিখ: ০৯/১০/২০২৪

স্মারক নং-১৬(৭৬৯)/জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/প্রফেশনাল ভর্তি/২০২৩-২০২৪/৫২৫১

সদয় অবগতির জন্য অনুলিপি দেয়া হলো:

- ১। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৪। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
(দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৫। সচিব, ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। অফিস কপি।



(মুহঃ নূর আলম নেছার উদ্দীন)

উপ-রেজিস্ট্রার (মাস্টার্স প্রফেশনাল)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়।